

কম খরচে অধিক ধানের উৎপাদন সম্পর্কে কৃষকদের ধারণা দেয়ার সুপারিশ

স্টাফ রিপোর্টার : কৃষিজ পণ্যের উৎপাদন বৃদ্ধি করতে নতুন ধানের বীজ কৃষকদের মাঝে পৌঁছে দেয়া এবং কম খরচে অধিক উৎপাদন সম্পর্কে কৃষকদের ধারণা দেয়ার সুপারিশ করা হয়েছে। গতকাল মঙ্গলবার জাতীয় সংসদ ভবনের কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভায় এ সুপারিশ করা হয়।

কমিটির সভাপতি মতিয়া চৌধুরীর সভাপতিত্বে বৈঠকে উপস্থিত ছিলেন, কমিটির সদস্য কৃষি মন্ত্রী মো. আব্দুর রাজ্জাক, মুহাঃ ইমাজ উদ্দিন প্রাং, মো. মামুনুর রশীদ কিরন, আনোয়ারুল আবেদীন খান, উম্মে কুলসুম স্মৃতি এবং হোসনে আরা। সভায় কৃষি মন্ত্রণালয়ের সার্বিক অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়। সভায় খাদ্য চাহিদা পূরণের জন্য ধান, গম, ভুট্টা, ডাল, তৈল বীজ ইত্যাদি দেশী ফসল নিয়ে গবেষণালব্ধ বীজ সকল কৃষককে উৎপাদনে উৎসাহিত করার ওপর বিশেষ গুরুত্ব দেয়ার জন্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টদের পরামর্শ দেয়া হয়। সভায় জানানো হয়, বিগত ১৩ বছরে ৭৩টি ধানের উদ্ভাবিত জাতের মধ্যে ত্রি ধান ৯৬, বঙ্গবন্ধু ধান ১০০, ত্রি ধান ১০১ এবং ত্রি ধান ১০২ সর্বস্তরে উৎপাদনে উৎসাহিত করার পাশাপাশি আমদানী নির্ভরতা কমাতে এবং তৈল বীজ ও আউশের বিভিন্ন ভ্যারাইটি উৎপাদন ও গবেষণার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। স্বাধীনতার মাসে অনুষ্ঠিত সভার গুরুত্ব জাতির পিতা এবং মুক্তিযুদ্ধে শহীদ ও আহত সকলের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

১৩ বছরে বঙ্গবন্ধু ধান-১০০সহ ৭৩টি জাত উদ্ভাবন

নিজস্ব প্রতিবেদক

গত ১৩ বছরে উচ্চ ফলনশীল (উফশী) জাতের ত্রি-ধান ৯৬, বঙ্গবন্ধু ধান-১০০, ত্রি-ধান ১০১, ত্রি-ধান ১০২সহ ৭৩টি ধানের জাত উদ্ভাবন করেছে বলে সংসদীয় কমিটিকে জানিয়েছে মন্ত্রণালয়। এসব ধানের মধ্যে ত্রি-৯৬, বঙ্গবন্ধু-১০০ জাতের ধানসহ নতুন ধানের বীজ কৃষকদের মাঝে পৌঁছে দেওয়া এবং কম খরচে অধিক উৎপাদন সম্পর্কে কৃষকদের ধারণা দেওয়ার সুপারিশ করে কমিটি। পাশাপাশি খাদ্য চাহিদা পূরণ ও আমদানি নির্ভরতা কমাতে গবেষণালব্ধ ধান, গম, ভুট্টা, ডাল, তৈল বীজ থেকে চাষাবাদে কৃষককে উৎসাহিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বৈঠকে সুপারিশ করা হয়।

সংসদ ভবনে গতকাল 'কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'র বৈঠকে এসব সুপারিশ করা হয়। বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মতিয়া চৌধুরী। কৃষিমন্ত্রী আবদুর রাজ্জাক, ইমাজ উদ্দিন প্রাং, মামুনুর রশীদ কিরণ, আনোয়ারুল আবেদীন খান, উম্মে কুলসুম স্মৃতি, হোসনে আরা বৈঠকে অংশগ্রহণ করেন।

সংসদের গণসংযোগ বিভাগ জানায়, কৃষিজ পণ্যের উৎপাদন বৃদ্ধির জন্য আউশের বিভিন্ন ভ্যারাইটি সর্বস্তরে উৎপাদনে উৎসাহিত করার সুপারিশ করে কমিটি। কমিটি তৈল বীজ ও আউশের বিভিন্ন ভ্যারাইটি উৎপাদনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে। বৈঠকে কৃষি মন্ত্রণালয়ের সচিব, বিভিন্ন দফতর সংস্থার প্রধানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।